

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | চট্টগ্রাম | 02 April, 2025

নোয়াখালীর কবিরহাটে শিরিন গার্ডেন নামে একটি বিনোদন কেন্দ্রে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটেছে। এতে এক পুলিশসহ ৭জন আহত হয়েছে। নিরাপত্তা ঝুঁকিতে পড়েছে বিনোদন কেন্দ্রের দর্শনার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা।

গতকাল মঙ্গলবার (১ এপ্রিল) সন্ধ্যা ৭টার দিকে উপজেলার সুন্দলপুর ইউনিয়নের ৬নম্বর ওয়ার্ডের মধ্য সুন্দলপুর গ্রামে এ হামলার ঘটনা ঘটে। আহত দুজন স্থানীয় একটি হাসপাতালে ভর্তি রয়েছে। অপরদের প্রাথমিক চিকিৎসা শেষে ছেড়ে দেওয়া হয়েছে।

বিনোদন কেন্দ্রের মালিক সিদ্দিকী নাছির উদ্দিন জানান, প্রতি বছর ঈদের সময় স্থানীয় একটি কিশোর গ্যাং গ্রুপ বিনোদন কেন্দ্রে এসে হাঙ্গামা করে দর্শনার্থীদের ইভটিজিং, মুঠোফোন ও টাকা ছিনতাই করে। প্রতি বছরের ন্যায় গতকাল বুধবার সন্ধ্যার দিকে কয়েকজন কিশোর গ্যাংয়ের সদস্য পৃথক পৃথক ভাবে বিনোদন কেন্দ্রে প্রবেশ করে উশুজ্বল আচরণ শুরু করে। একপর্যায়ে বিনোদন কেন্দ্রে থাকা কর্মচারী ও পুলিশ তাদের বের করে দেয়। কিছুক্ষণ পরে কিশোর গ্যাংয়ের ২০-৩০জন সদস্য পুনরায় সংঘটিত হয়ে বিনোদন কেন্দ্রে এসে প্রধান ফটক দিয়ে ভিতরে প্রবেশ করে হামলা ভাঙচুর শুরু করে। পরবর্তীতে তারা বিনোদন কেন্দ্রের ক্যাশে নগদ টাকা লুট করে নিয়ে নিয়ে যায়। এ সময় এক পুলিশ তাদের প্রতিহত করতে এসে আহত হয়। বিষয়টি সাথে সাথে আইনশৃঙ্খলা বাহিনীকে অবহিত করেছি। আমি অনতিবিলম্বে সন্ত্রাসীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক বিচারের দাবি জানাচ্ছি।

স্থানীয় সূত্রে জানা যায়, হামলাকারীরা ছাত্রদলের রাজনীতির সাথে জড়িত। ইতিমধ্যে হামলার একটি ভিডিও ফুটেজে ফেসবুকে ভাইরাল হয়ে পড়েছে। বিনোদন কেন্দ্রের মালিক ভয়ে কারো নাম উল্লেখ করে কথা বলতে রাজি হয়নি।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে কবিরহাট উপজেলা বিএনপির সভাপতি কামরুল হুদা চৌধুরী লিটন বলেন, হামলার বিষয়টি আমি শুনেছি। তবে এর বেশি কিছু আমার জানা নেই।

কবিরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শাহীন মিয়া বলেন, মারামারির ঘটনা ঘটেছে। এ ঘটনায় এখনো কেউ লিখিত অভিযোগ দেয়নি। তবে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, কোন পুলিশ সদস্য তেমন আহত হয়নি।

ছাত্রদল বিনোদন কেন্দ্রে হামলা পুলিশ আহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:58

URL: <https://www.timestodaybd.com/chittagong/775807221>